




মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী কর্তৃক ৮-লেনের নির্মাণ কাজ পরিদর্শন



যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়কের চলমান বাইন্টার কোর্সের নির্মাণ কাজ



৮-লেনে উন্নীত যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়কে নির্মিত সসার ড্রেন



৮-লেনে উন্নীত যাত্রাবাড়ী-কাঁচপুর জাতীয় মহাসড়ক

বাংলাদেশের প্রথম ৮-লেন মহাসড়ক

শুভ উদ্বোধন

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৩
১৩ আগস্ট ২০১৬

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

প্রকল্পের পটভূমি

যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়কাংশ ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক ও ঢাকা-সিলেট জাতীয় মহাসড়কের প্রবেশ ও বহির্গমনের প্রধান করিডোর।

মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার নির্মাণের উদ্যোগ গ্রহণের প্রেক্ষিতে ঢাকা মহানগর হতে যানবাহন দ্রুত যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়কে প্রবেশ করবে বিবেচনায় ২০১১ সালে এ মহাসড়কের প্রবেশ ও বহির্গমন অংশে যানবাহনের চাপ হ্রাসকল্পে ৪-লেন বিশিষ্ট এ মহাসড়কটিকে ৮-লেনে উন্নীত করার জন্য প্রকল্প গ্রহণ করা হয়। ইতোমধ্যে মহাসড়কটি ৮-লেনে উন্নীত হওয়ায় এ মহাসড়কাংশে যানবাহন দ্রুত ও নির্বিঘ্নে ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা-সিলেট মহাসড়কে আসা-যাওয়া করতে পারছে। উল্লেখ্য, পদ্মা সেতু লিংক রোড ৪-লেনে উন্নীতকরণের কাজ সম্পন্ন হলে ঢাকা-সিলেট ও ঢাকা-চট্টগ্রাম হতে আগত যানবাহনসমূহ এ মহাসড়কে প্রবেশ করে সহজে ও স্বল্প সময়ে যাত্রাবাড়ী ইন্টারসেকশন হয়ে দক্ষিণাঞ্চলে যাতায়াত করতে পারবে।

প্রকল্পের আওতায় প্রায় ১৩২ কোটি টাকা ব্যয়ে মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার হতে শিমরাইল ইন্টারসেকশন পর্যন্ত ৭.২০ কিলোমিটার মহাসড়কের বিদ্যমান ৪-লেন উন্নয়ন এবং নতুন ৪-লেন নির্মাণের মাধ্যমে মহাসড়কটিকে ৮-লেনে উন্নীত করা হয়েছে। যানবাহন চলাচল নির্বিঘ্ন করার নিমিত্ত সেন্টার লাইন বরাবর নিউজার্সি ব্যারিয়ার নির্মাণ, কালভার্ট সম্প্রসারণ, জনগণের রাস্তা পারাপারের সুবিধার্থে ৪টি ফুট ওভারব্রিজ ও প্রয়োজনীয় স্থানে ফুটপাথ এবং বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য আরসিসি ড্রেন ও সসার ড্রেন নির্মাণ করা হয়েছে।

এ প্রকল্পটি বাস্তবায়নের ফলে যাত্রাবাড়ী-কাঁচপুর জাতীয় মহাসড়ক অংশের যানজট ব্যাপক হ্রাস পেয়েছে।



৮-লেনে উন্নীত যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়ক



মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার এবং যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়কের সংযোগ স্থল



৮-লেনে উন্নীত যাত্রাবাড়ী-কাঁচপুর মহাসড়কে নির্মিত ফুট ওভারব্রিজ

প্রকল্পের বিবরণ

প্রকল্পের নাম	: যাত্রাবাড়ী-কাঁচপুর সড়ক(পোস্তার সড়ক) ৮-লেনে উন্নীতকরণ প্রকল্প
প্রকল্প বাস্তবায়নকারী	: সড়ক ও জনপথ অধিদপ্তর
বিভাগ	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
প্রকল্পের মেয়াদ	: জানুয়ারি ২০১১ হতে জুন ২০১৬ পর্যন্ত
প্রকল্প ব্যয়	: ১৩১.৯৯ কোটি টাকা
প্রকল্পের অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাসড়কের দৈর্ঘ্য	: ৭.২০ কিলোমিটার
অবস্থান	: মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার হতে শিমরাইল ইন্টারসেকশন পর্যন্ত
প্যাকেজ সংখ্যা	: ৯টি
কালভার্ট সম্প্রসারণ	: ৪টি
ফুটওভার ব্রিজ	: ৪ টি
আরসিসি ড্রেন	: ৪২০ মিটার
সসার ড্রেন	: ১৬০০ মিটার
নিউ জার্সি ব্যারিয়ার	: ৭০০০ মিটার
ইন্টার সেকশন নির্মাণ	: ১টি (সাইনবোর্ড ইন্টার সেকশন)
ভূমি অধিগ্রহণ	: নেই
সংযোগ সড়ক উন্নয়ন	: ৬টি
সংযোগ সড়কের অবস্থান	: সানারপাড় : ১টি মৌচাক : ২টি মাদানীনগর : ২টি শিমরাইল : ১টি